

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(পত্র বিনিময় শাখা)  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

স্মারক নং-

১৬৯

-জি,

তারিখঃ ২৯ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ  
১৩ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** বাংলাদেশ সুপ্রীম কোর্টের দৈনিক কার্য তালিকা (কজ লিস্ট) প্রকাশ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বর্তমানে কর্ণফুলী পেপার মিল্‌স থেকে পর্যাপ্ত কাগজের সরবরাহ না থাকায় গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের জন্য প্রকাশিত দৈনিক কার্য তালিকা (কজ লিস্ট) সাময়িকভাবে পূর্বের কাগজে প্রিন্ট করা সম্ভব হচ্ছে না বিধায় গত ১১/০৩/২০১৮ খ্রিঃ তারিখ হতে সেটি ভিন্ন কাগজে প্রিন্ট করা হচ্ছে। তবে অচিরেই এ সমস্যা দূরীভূত হবে মর্মে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস কর্তৃপক্ষ অত্র কোর্টকে অবহিত করেছে।

বিষয়টি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

স্বাঃ/-

(মোহাম্মদ আজহারুজ্জামান ভূঁইয়া)  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)  
ফোনঃ ৯৫৬৬৮২৬।

স্মারক নং-


২০৭৮ (৬)

-জি,

তারিখঃ ২৯ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ  
১৩ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১. বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়, ঢাকা।
২. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, ঢাকা।
৩. অতিরিক্ত রেজিস্ট্রার (সার্বিক), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪. অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫. সহকারী রেজিস্ট্রার (বেঞ্চ ও ডিক্রী), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

  
(সোহাগ রঞ্জন পাল)  
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোনঃ ৯৫৮৮৪২৯।